



## ব্যক্তিগত কারণ দেখিয়ে ডিএমপি কমিশনারের পদত্যাগ



ডিএমপি কমিশনার সাজ্জাত আলী। ছবি: সংগৃহীত

ব্যক্তিগত ও পারিবারিক কারণ উল্লেখ করে ঢাকা মহানগর পুলিশের কমিশনারের দায়িত্ব থেকে সরে দাঁড়িয়েছেন শেখ মো. সাজ্জাত আলী। বুধবার (২৫ ফেব্রুয়ারি) দুপুরে পুলিশের মহাপরিদর্শকের কাছে তিনি পদত্যাগপত্র পাঠিয়েছেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

এর একদিন আগে নতুন আইজিপি হিসেবে দায়িত্ব পান আলী হোসেন ফকির। নতুন নেতৃত্ব ঘোষণার পরপরই ডিএমপি কমিশনারের পদত্যাগের বিষয়টি সামনে এলো। ২০২৪ সালের ২০ নভেম্বর থেকে দুই বছরের জন্য চুক্তিভিত্তিকভাবে তিনি কমিশনার হিসেবে নিয়োগপ্রাপ্ত হন। প্রজ্ঞাপনে উল্লেখ ছিল, যোগদানের তারিখ থেকে দুই বছরের জন্য তার মেয়াদ কার্যকর থাকবে।

চুক্তির মেয়াদ শেষ হওয়ার কথা ছিল আগামী ২১ নভেম্বর। তবে নির্ধারিত সময়ের আগেই দায়িত্ব ছেড়ে দিলেন তিনি। নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীতে পরিবর্তনের যে প্রক্রিয়া শুরু হয়েছে, তার অংশ হিসেবে ডিএমপি নেতৃত্বে পরিবর্তনের আলোচনা চলছিল।